

🗏 আল-কিয়ামাহ | Al-Qiyama | ٱلْقِيَامَة

আয়াতঃ ৭৫:১

💵 আরবি মূল আয়াত:

لَا أُقسِمُ بِيَومِ القِيمَةِ ﴿ ﴾

আমি কসম করছি কিয়ামতের দিনের! — আল-বায়ান আমি কসম করছি কিয়ামতের দিনের. — তাইসিক্রল

আমি শপথ করছি কিয়ামাত দিবসের। — মুজিবুর রহমান

I swear by the Day of Resurrection — Sahih International

- ১. আমি শপথ করছি কিয়ামতের দিনের(১),
 - (১) কারও বিরোধী মনোভাব খন্ডন করার জন্যে শপথ করা হলে শপথের পূর্বে ঐব্যবহৃত হয়। আরবী বাক-পদ্ধতিতে এই ব্যবহার প্রসিদ্ধ ও সুবিদিত। এ শব্দ দ্বারা বক্তব্য শুরু করাই প্রমাণ করে যে, আগে থেকে কোন বিষয়ে আলোচনা চলছিল যার প্রতিবাদ করার জন্য এ সূরা নাযিল হয়েছে। অর্থাৎ তোমরা যা বলছে তা ঠিক নয়। আমি কসম করে বলছি, প্রকৃত ব্যাপার হচ্ছে এটি। অর্থাৎ কেয়ামত অবশ্যম্ভাবী। [দেখুন: ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(১) আমি শপথ করছি কিয়ামত দিবসের। [1]

[1] مَا مَنَعَكَ أَلاَّ تَسْجُر (ত গ্রহরফটি অতিরিক্ত। আর এটা আরবী বাকপদ্ধতির বিশেষ রীতি। যেমন, (مَا مَنَعَكَ أَلاَّ تَسْجُر) (সূরা আ'রাফ ১২ আয়াত) ব্যাবহার হয়েছে। কেউ কেউ বলেছেন, এই শপথের পূর্বে কাফেরদের কথার খন্ডন করা হয়েছে। তারা বলত যে, মরণের পর আর কোন জীবন নেই। গ্রএর দ্বারা বলা হল যে, তোমরা যেমন বলছ, ব্যাপারটা তেমন নয়। আমি কিয়ামতের দিনের কসম খেয়ে বলছি। আর কিয়ামতের দিনের কসম খাওয়ার উদ্দেশ্য তার গুরুত্ব ও মাহাত্ম্যকে স্পষ্ট করা।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন